### শ্রী কৃষ্ণের অষ্টোত্তর শতনাম

শ্রীনন্দ রাখিল নাম নন্দের নন্দন। ১

যশোদা রাখিল নাম যাদু বাছাধন ॥ ২

উপানন্দ নাম রাখে সুন্দর-গোপাল । ৩

ব্রজবালক নাম রাখে ঠাকুর-রাখাল ॥ ৪

সুবল রাখিল নাম ঠাকুর কানাই । ৫

শ্রীদাম রাখিল নাম রাখাল রাজা ভাই ॥ ৬

ননীচোরা নাম রাখে যতেক গোপিনী । ৭

কালসোণা নাম রাখে রাধাবিনোদিনী ॥ ৮

কুব্জা রাখিল নাম পতিত-পাবন হরি। ৯

চন্দ্রাবলী নাম রাখে মোহন-বংশীধারী ॥ ১০

অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া । ১১

কৃষ্ণ নাম রাখে গর্গ ধ্যানেতে জানিয়া ॥ ১২

কম্বমুনি নাম রাখে দেবচক্রপাণি। ১৩

বনমালী নাম রাখে বনের হরিণী ॥ ১৪

গজহস্তী নাম রাখে শ্রীমধুসূদন । ১৫

অজামিল নাম রাখে দেব নারায়ণ ॥ ১৬

Published on: Jan, 09 2023 16:02

পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ । ১৭

দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু ॥ ১৮

সুদাম রাখিল নাম দারিদ্র্য-ভঞ্জন । ১৯

ব্রজবাসী নাম রাখে ব্রজের জীবন ॥ ২০

দর্পহারী নাম রাখে অর্জুন সুধীর। ২১

পশুপতি নাম রাখে গরুড় মহারীর ॥ ২২

যুধিষ্ঠির নাম রাখে দেব যদুবর। ২৩

বিদুর রাখিল নাম কাঙ্গালের ঠাকুর ॥ ২৪

বাসুকী রাখিল নাম দেব-সৃষ্টি স্থিতি। ২৫

ধ্রুবলোকে নাম রাখে ধ্রুবের সারথি ॥ ২৬

নারদ রাখিল নাম ভক্ত-প্রাণধন। ২৭

ভীষ্মদেব নাম রাখে লক্ষ্মী-নারায়ণ ॥ ২৮

সত্যভামা নাম রাখে সত্যের সারথি। ২৯

জাম্ববতী নাম রাখে দেব যোদ্ধাপতি ॥ ৩০

বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার। ৩১

অহল্যা রাখিল নাম পাষাণ-উদ্ধার ॥ ৩২

ভৃগুমুনি নাম রাখে জগতের হরি। ৩৩

পঞ্চমুখে রামনাম গান ত্রিপুরারি ॥ ৩৪

কুঞ্জকেশী নাম রাখে বলি সদাচারী । ৩৫

প্রহ্লাদ রাখলি নাম নৃসিংহ মুরারি ॥ ৩৬

বশিষ্ঠ রাখলি নাম মুনি-মনোহর। ৩৭

বিশ্বাবসু নাম রাখে নবজলধর ॥ ৩৮

সম্বর্ত্তক রাখে নাম গোবর্দ্ধনধারী । ৩৯

প্রাণপতি নাম রাখে যত ব্রজনারী ॥ ৪০

অদিতি রাখলি নাম আরতি-সুদন । ৪১

গদাধর নাম রাখে যমল-অর্জ্জুন ।। ৪২

মহাযোদ্ধা নাম রাখে ভীম মহাবল। ৪৩

দয়ানিধি রাখে নাম দরিদ্র সকল । ৪৪

বৃন্দাবন-চন্দ্র নাম রাখে বৃন্দাদুতী । ৪৫

বিরজা রাখলি নাম যমুনার পতি। ৪৬

বাণীপতি নাম রাখে গুরু বৃহস্পতি । ৪৭

লক্ষ্মীপতি নাম রাখে নাম সুমন্ত্র সারথি ।। ৪৮

সন্দীপনি নাম রাখে দেবে অন্তর্যামী। ৪৯

পরাশর নাম রাখে ত্রিলোকের স্বামী।। ৫০

পদ্মযোনি নাম রাখে অনাদির আদি । ৫১

নট নারায়ণ নাম রাখলি সম্বাদী ।।৫২

হরকৃষ্ণ নাম রাখে প্রিয় বলরাম। ৫০

ললিতা রাখলি নাম দুর্ব্বাদলশ্যাম ।। ৫৪

Published on: Jan, 09 2023 16:02

বিশাখা রাখিল নাম অনঙ্গমোহন। ৫৫

সুচিত্রা রাখিল নাম শ্রীবংশীবদন। ৫৬

আয়ান রাখিল নাম ক্রোধ-নিবারণ। ৫৭

চণ্ডকশী নাম রাখে কৃতান্ত শাসন ॥ ৫৮

জ্যোতিষ্ক রাখিল নাম নীলকান্তমণি। ৫৯

গোপীকান্ত নাম রাখে সুদাম-ঘরণী। ৬০

ভক্তগণ নাম রাখে দেব জগন্নাথ। ৬১

দুর্ব্বাসা রাখেন নাম অনাথের নাথ। ৬২

রাসেশ্বর নাম রাখে যতেক মালিনী। ৬৩

সর্ব্ব-যজ্ঞেশ্বর নাম রাখেন শিবানী। ৬৪

উদ্ধব রাখিল নাম মিত্রহিত কারী । ৬৫

অক্রুর রাখিল নাম ভব ভয় সাথী।। ৬৬

গুঞ্জমালী নাম রাখে নীল পীতবাস । ৬৭

সর্ব্ববেত্তা রাখে নাম দ্বৈপায়ন ব্যাস।। ৬৮

অষ্টসখী নাম রাখে ব্রজের ঈশ্বর। ৬১

সুরলোকে রাখে নাম অখিলের সার। ৭০

বৃষভানু নাম রাখে পরম ঈশ্বর। ৭১

স্বর্গবাসী রাখে নাম দেব পরাৎপর। ৭২

পুলোমা রাখেন নাম অনাথের সখা। ৭৩

Published on: Jan, 09 2023 16:02

রসসিন্ধু নাম রাখে সখী চিত্রলেখা। ৭৪

চিত্ররথ নাম রাখে আরতি দমন। ৭৫

পুলস্ত্য রাখিল নাম নয়ন-রঞ্জন ॥ ৭৬

কশ্যপ রাখেন নাম রাস রাসেশ্বর। ৭৭

ভাণ্ডারীক নাম রাখে পূর্ণ-শশধর ॥ ৭৮

সুমালী রাখিল নাম পুরুষ-প্রধান । ৭৯

পুরঞ্জন নাম রাখে ভক্তগণ প্ৰাণ ॥ ৮০

রজকিনী নাম রাখে নন্দের-দুলাল। ৮১

আহ্লাদিনী নাম রাখে ব্রজের-গোপাল ॥ ৮২

দেবকী রাখিল নাম নয়নের মণি। ৮৩

জ্যোতির্ময় নাম রাখে যাজ্ঞবল্ক্য মুনি ॥ ৮৪

অত্রিমুনি নাম রাখে কোটি চন্দ্রশেখর । ৮৫

গৌতম রাখিল নাম দেব বিশ্বম্ভর ।।৮৬

মরীচি রাখিল নাম অচিন্ত্য অচ্যুত। ৮৭

জ্ঞানাতীত নাম রাখে সৌনকাদি সুত ॥ ৮৮

রুদ্রগণ নাম রাখে দেব মহাকাল। ৮৯

বসুগণ রাখে নাম ঠাকুর দয়াল ॥ ৯০

সিদ্ধগণ নাম রাখে পুতনা-নাশন । ৯১

সিদ্ধার্থ রাখিল নাম কপিল তপোধন ॥ ৯২

ভাগুরি রাখিল নাম অগতির গতি। ৯৩

মৎস্যগন্ধা নাম রাখে ত্রিলোকের পতি ॥ ৯৪

শুক্রাচার্য্য রাখে নাম অখিল বান্ধব । ৯৫

বিষ্ণুলোকে নাম রাখে দেব শ্রীমাধব ॥ ৯৬

যদুগণ নাম রাখে যদুকুলপতি । ৯৭

অশ্বিনীকুমার নাম রাখে সৃষ্টি-স্থিতি ॥ ৯৮

অর্য্যমা রাখিল নাম কাল-নিবারণ । ৯৯

সত্যবতী নাম রাখে অজ্ঞান-নাশন ॥ ১০০

পদ্মাক্ষ রাখিল নাম ভ্রমর-ভ্রমরী । ১০১

ত্রিভঙ্গ রাখিল নাম যত সহচরী ॥ ১০২

বঙ্কচন্দ্র নাম রাখে শ্রীরূপমঞ্জরী । ১০৩

মাধুরী রাখিল নাম গোপী-মনোহারী ॥ ১০৪

মঞ্জুমালী নাম রাখে অভীষ্ট-পূরণ । ১০৫

কুটিলা রাখিলা নাম মদন-মোহন ॥ ১০৬

মঞ্জুরী রাখিল রাম কর্ম্মবন্ধ-নাশ । ১০৭

ব্রজবন্ধু নাম রাখে পূর্ণ-অভিলাষ ॥ ১০৮

Published on: Jan, 09 2023 16:02